

বন্যার পরে যা করতে হবে



বন্যার পানি নেমে গেলে বাড়ির চারপাশ সুন্দর করে পরিষ্কার পরিচ্ছন্ন করুন এবং ব্লিচিং পাউডার ছিটিয়ে দিন



আপনার টিউবয়েলটি যদি বন্যার পানিতে ডুবে যায় তাহলে আবার ব্যবহারের আগে টানা আধঘন্টা চেপে দূষিত পানি বের করে ফেলুন



বন্যার পানিতে ডুবে যাওয়া কিংবা বন্যার পানি সরে গেলে যে নতুন ঘাস গজাবে তা গবাদিপশুকে খাওয়াবেন না



পুকুরের পানি ঘোলা হলে তাতে শতক প্রতি ২৫০ গ্রাম পাথুরে চুন পানিতে গুলিয়ে প্রয়োগ করুন



বাড়ির আশেপাশে পতিত জায়গায় তাড়াতাড়ি বড় হয় এমন শাক যেমন গিমা কলমি, মূলা, পালং ইত্যাদির বীজ ছিটিয়ে দিন